## স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ আবদুল আজিজ মোল্লা, অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব) খাদ্য অধিদপ্তর।
সভার স্থান : ২য় তলা সভা কক্ষ।
তারিখ ও সময় : ০৪/০৮/২০২০ সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা (পরিশিষ্ট-ক)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতপর কমিটির সদস্য সচিব জনাব সুরাইয়া খাতুন, অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত), প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, খাদ্য মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান।

এ প্রসঙ্গে জনাব আব্দুল্লাহ আল মামুন, পরিচালক, চলাচল সংরক্ষণ ও সাইলো বিভাগ বলেন যে, বিদ্যমান মহামারি করোনা ভাইরাস (কোভিট-১৯) এর প্রেক্ষাপটে স্বাস্থ্য বিধি অনুযায়ী প্রতি বছরের ন্যায় সীমিত আকারে হলেও খাদ্য অধিদপ্তর এবং এর আওতাধীন মাঠপর্যায়ের স্থাপনা সমূহে যথাযোগ্য মর্যাদা ও ভাব গম্ভীর পরিবেশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে জাতীয় শোক দিবস পালন করা অপরিহার্য। এ বিষয়ে খাদ্য মন্ত্রণালয়ের গৃহিত কর্মসূচির আলোকে খাদ্য অধিদপ্তরের গৃহিত কর্মসূচি বাস্তবায়নের জন্য খাদ্য অধিদপ্তরের আওতাধীন মাঠপর্যায়ের স্থাপনাসমূহকে নির্দেশনা প্রদান করা যেতে পারে। শোকের মাস আগস্ট উপলক্ষ্যে কালো ব্যাজ পরিধান করা, খাদ্য অধিদপ্তর তথা খাদ্য ভবনে জাতীয় শোক দিবসের ড্রপডাউন ব্যানার, ব্যানার, স্ট্যান্ড ব্যানার, শোক র‍্যালির ব্যানার, ফুলের ঢালা, জুম ক্লাউডের মাধ্যমে আলোচনা ও দোয়া মাহফিল এর আয়োজন করা প্রয়োজন।

এসময় জনাব মোঃ মাহমুদ হাসান, পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর ৩১ দফা স্বাস্থ্য বিধি পরিপালনপূর্বক সীমিত সংখ্যক কর্মকর্তা ১৫ আগস্ট জাতীয় শোক দিবসের র‍্যালিতে অংশগ্রহণ করা প্রয়োজন। খাদ্য অধিদপ্তরের র‍্যালির পিছনে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক ও জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকার কর্মকর্তাদের র‍্যালি এবং প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকার কর্মকর্তাদের র‍্যালির অবস্থান রাখা যেতে পারে।

জনাব এফ.এম. মিজানুর রহমান, পরিচালক, পরিদর্শন উন্নয়ন ও কারিগরি সেবা বিভাগ সভায় বলেন যে, খাদ্য অধিদপ্তর হতে ৩০(ত্রিশ) জন কর্মকর্তা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক ও জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকার কার্যালয় হতে ১০ (দশ) জন এবং প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকার কার্যালয় হতে ১০ (দশ) জন কর্মকর্তা কর্তৃক র‍্যালিতে অংশগ্রহণ করা যেতে পারে। এর অধিক সংখ্যক কর্মকর্তা/কর্মচারী উপস্থিত হলে স্বাস্থ্য বিধির লংঘন হতে পারে। র‍্যালিতে অংশগ্রহণকারী সকল কর্মকর্তার কালো ব্যাজ ধারণ, হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার এবং মাস্ক পরিধান করা আবশ্যক।

বিস্তারিত আলোচনার পর খাদ্য মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে সর্বসম্মতিক্রমে নিম্নোক্তভাবে সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

**সিদ্ধান্তঃ**

| ক্রঃ নং | খাদ্য মন্ত্রণালয় কর্তৃক গৃহিত কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা নির্ধারিত সময় পর্যন্ত অর্ধনমিত থাকবে। | ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার খাদ্য অধিদপ্তর এবং এর আওতাধীন মাঠপর্যায়ের সকল কার্যালয়ে জাতীয় পতাকা নির্ধারিত সময় পর্যন্ত অর্ধনমিত থাকবে। | খাদ্য অধিদপ্তরের পরিচালক (প্রশাসন), সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক /প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা/ প্রধান মিলার, সরকারি আধুনিক ময়দা মিল/ সকল সাইলো অধীক্ষক/ সকল জেলা খাদ্য নিয়ন্ত্রক /চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ সকল সিএসডি ব্যবস্থাপক/ সকল এসএন্ডএমও/ সকল উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সকল এলএসডি'র ভারপ্রাপ্ত কর্মকর্তা। |
| ২ | সারা দেশের মসজিদসমুহে বাদ যোহর বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা। | খাদ্য অধিদপ্তর ও এর আওতাধীন মাঠপর্যায়ের সকল কার্যালয়ে যেখানে মসজিদ, মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান আছে সেখানে সুবিধাজনক সময়ে বিশেষ মোনাজাত ও প্রার্থনার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | খাদ্য অধিদপ্তরের পরিচালক (প্রশাসন), সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক /প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা/ প্রধান মিলার, সরকারি আধুনিক ময়দা মিল/ সকল সাইলো অধীক্ষক/ সকল জেলা খাদ্য নিয়ন্ত্রক /চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ সকল সিএসডি ব্যবস্থাপক/ সকল এসএন্ডএমও/ সকল উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সকল এলএসডি'র ভারপ্রাপ্ত কর্মকর্তা। |

| ক্রঃ নং | খাদ্য মন্ত্রণালয় কর্তৃক গৃহিত কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩ | জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তাবায়ন করতে হবে। জেলা ও উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। সকল মন্ত্রণালয়/ বিভাগ অধীনস্ত দপ্তর/সংস্থাসমূহ কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় নিদের্শনা প্রদান করবে এবং মনিটরিং করবে । জাতীয় শোক দিবসের অনুষ্ঠানে অনুপস্থিত কর্মকর্তার তালিকা প্রস্তুত করে জেলা প্রশাসক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে। | খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভাগীয়, জেলা, উপজেলা ও অন্যান্য সকল কার্যালয় প্রধানগণ, স্থানীয় বিভাগীয়, জেলা ও উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের ব্যবস্থা গ্রহণ করবেন। | খাদ্য অধিদপ্তরের পরিচালক (প্রশাসন), সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক /প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা/ প্রধান মিলার, সরকারি আধুনিক ময়দা মিল/ সকল সাইলো অধীক্ষক/ সকল জেলা খাদ্য নিয়ন্ত্রক /চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ সকল সিএসডি ব্যবস্থাপক/ সকল এসএন্ডএমও/ সকল উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সকল এলএসডি'র ভারপ্রাপ্ত কর্মকর্তা। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুল আজিজ মোল্লা)
অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ও
আহবায়ক
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদত বার্ষিকীতে
জাতীয় শোক দিবস পালন কমিটি।

তারিখঃ ০৪/০৮/২০২০খ্রি.

স্মারক নং- ১৩.০১.০০০০.০৩২.২৩.৭০৮.২০১৮- ৪৩১(৭০০)

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক (সকল)...................................................,খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল) .........................................................।
৫। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
৬। প্রধান মিলার, সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা।
৭। সাইলো অধীক্ষক (সকল).......................................................................।
৮। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) ...............................................................।
৯। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), খুলনা/চট্টগ্রাম।
১০। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশের জন্য।
১১। ব্যবস্থাপক (সকল) ..................... সিএসডি .........................................।
১২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/এসএন্ডএমও (সকল) ...........................................।
১৩। অফিস কপি/মাস্টার কপি।

(সুরাইয়া খাতুন) ৪/৮/২০২০
অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত)
প্রশাসন বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২-৯৫৮৩৮৯৯